



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT


সূত্র নং: এইচআরডি/২০২৬/২৪৯

এপ্রিল ০১, ২০২৬

অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ে শাখা অফিসে কর্মরত ক্রেডিট অফিসার, ক্যাশ অফিসার ও হিসাবরক্ষক হিসেবে যাদের কাজের মূল্যায়ণ সন্তোষজনক পর্যায়ে রয়েছে। সেইসাথে উর্ধ্বতন ব্যবস্থাপকের দৃষ্টিতে যারা শাখা ব্যবস্থাপক (BM)-এর দায়িত্ব পালনে সক্ষম এবং ব্যবস্থাপক হিসেবে সকল গুণাবলী ও নেতৃত্ব প্রদানের যোগ্যতা রয়েছে, তাদের তালিকা প্রণয়ন করে আগামী ৩১.০৫.২০২৬ তারিখের মধ্যে মানবসম্পদ বিভাগে জমা দেয়ার জন্য বলা হলো। তবে শর্ত থাকে যে, কর্মীদের তালিকা প্রণয়নের পূর্বে অবশ্যই লক্ষ্য করতে হবে, ৩১.০৫.২০২৬ তারিখে প্রশিকাতে উল্লেখিত দায়িত্বে চাকুরির মেয়াদ কমপক্ষে ০২(দুই) বছর এবং তাদের শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে স্নাতক পাশ হতে হবে। উল্লেখ্য যে, প্রস্তাবিত কর্মীদের অবশ্যই হিসাব সংক্রান্ত ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। মানবসম্পদ বিভাগ প্রার্থীদের তালিকা যাচাই-বাছাই করে একটি বিভাগীয় পরীক্ষা গ্রহণ করবে। বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্যানেল প্রস্তুত করে একটি বুনিয়েদি প্রশিক্ষণ দেয়া হবে এবং সন্তোষজনকভাবে প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে। প্যানেল থেকে পর্যায়ক্রমে চাহিদা মোতাবেক শাখা ব্যবস্থাপক (BM) হিসেবে দায়িত্ব দেওয়া হবে। এখানে আরও উল্লেখ্য যে, যারা বর্তমানে ভারপ্রাপ্ত শাখা ব্যবস্থাপক হিসেবে কর্মরত আছে তাদেরকেও তালিকাভুক্ত করার মাধ্যমে একই প্রক্রিয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ধন্যবাদ।


শক্তি পদ চক্রবর্তী ০২/০৫/২০২৬
প্রধান নির্বাহী (ভারপ্রাপ্ত)
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

অনুলিপি:

১. উর্ধ্বতন পরিচালক/পরিচালক।
২. পরিচালক, মানবসম্পদ বিভাগ।
৩. কেন্দ্রীয় ব্যবস্থাপক।
৪. নোটিশ বোর্ড।